# প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৬৯: রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কি তাঁর কবরে জীবিত আছেন? মীলাদুন্নবী অনুষ্ঠানে কি তিনি উপস্থিত হন?

চার ইমাম এমর্মে একমত পোষণ করেছেন যে, রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর পবিত্র দেহ থেকে রূহ বের না হওয়া পর্যন্ত ছাহাবায়ে কেরাম (রাদিয়াল্লাহু ‘আনহুম) তাঁকে দাফন করেননি। তাঁরা তাঁকে জীবিত অবস্থায় দাফন করেছেন- একথা কি কল্পনা করা যায়!

চার ইমাম এবং একজন সাহাবী থেকেও বর্ণিত হয় নি যে, রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাঁর মৃত্যু এবং দাফনের পর কখনও জনসম্মুখে উপস্থিত হয়েছেন। সুতরাং যে ব্যক্তি দাবী করবে যে, রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম মানুষের জাগ্রত অবস্থায় তাদের সামনে উপস্থিত হন, সে মিথ্যুক এবং রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর উপর মিথ্যা আরোপকারী।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1553

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন